# UNIVERSITY OF NORTH BENGAL

B.A./B.Com. Programme 3rd Semester Examination, 2019

## LCC-BENGALI

## PAPER-II

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

### শিরোনামঃ বাংলা ব্যাকরণ

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৩×৪ = ১২

(ক) কারক কাকে বলে ? কারক কয়প্রকার ও কী কী ?

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ

জোড়কলম অথবা অভিশ্রুতি।

(গ) প্রত্যয় নির্ণয় করোঃ

পঙ্কিল, শয়ন, বর্তমান, বাড়ন্ত, পড়া, মনুষ্য।

(ঘ) উপসর্গ যোগে তিনটি শব্দ গঠন করো।

(ঙ) লোকনিরুক্তি কাকে বলে ? দৃষ্টান্ত দাও।

(চ) সমাস নির্ণয় করোঃ

দম্পতি, সিংহাসন, দুর্ভিক্ষ।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৬×৪ = ২৪

(ক) 'বিভক্তি' কী ও প্রধানত কতপ্রকার ? প্রতি প্রকার বিভক্তির তিনটি করে উদাহরণ দাও।

(খ) টীকা লেখোঃ

স্বরসংগতি।

(গ) উদাহরণসহ উপসর্গ ও অনুসর্গ-এর পার্থক্যগুলো চিহ্নিত করো।

(ঘ) বহুব্রীহি সমাস বলতে কী বোঝো ? দৃষ্টান্তসহ আলোচনা করো।

(ঙ) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনিগুলো বিন্যস্ত করো।

(চ) কারক বিভক্তি নির্ণয় করোঃ

(i) মা ছেলেকে ভাত খাওয়াচ্ছেন।

(ii) গঙ্গাসাগরে মেলা বসেছে।

(iii) মাছটাকে ভালো করে ভাজবে।

(iv) কাঁটা দিয়ে কাঁটা তোলে।

(v) গাছ থেকে আম পড়ল।

(vi) শুভা রাগ করে ঘর থেকে বেরিয়ে গেল।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উল্লেখ করো। এর প্রধান ধারাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণিবিন্যাস করো।

(গ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ

সমীভবন, সংকর শব্দ, স্বরভক্তি।

(ঘ) প্রত্যয় বলতে কী বোঝো ? প্রত্যয়ের শ্রেণিবিভাগ করে দৃষ্টান্তসহ আলোচনা করো।

——×——